



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৩৫৪

তারিখ: ৯ আগস্ট ১৪২৬

২৩ জুন ২০১৯

বিষয়: নৌপথে ১৮০০ মে.টন গমের চলাচল সূচি।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৮/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৩২৪ নং স্মারক।

২। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো এর ১৭/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.১৩.০০০০.০০২.৩২.০০১.১৬-৩৯২ নং স্মারক।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২০/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮-৭৩৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোংলা বন্দরে আগত M.V RHL MARTA জাহাজ খালাসের লক্ষ্যে রেল ও নৌপথে মোট ১৯৬৯৪ মে.টন গমের চলাচল সূত্রস্থ ১নং স্মারকে সূচি জারি করা হয়। মোংলা সাইলোর কন্ট্রোলরুমের ১২২ ও ১২৩ প্যানেল বোর্ড এবং PLC তে উদ্ভুত সমস্যার সমাধান না করা পর্যন্ত গম গ্রহণ ছাড়া প্রেরণ কার্য ও বিন টু বিন স্থানান্তর কাজ সম্পাদন করা সম্ভব হচ্ছে না মর্মে সূত্রস্থ ২নং স্মারকে সাইলো অধীক্ষক মোংলা পত্রে জানানো হয়েছে। বরিশাল বিভাগের এলএসডি সমূহে আগস্ট/১৯ মাস পর্যন্ত ইপি/ওপি ও ময়দাকল খাতে বিলি বিতরণের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল সূত্রস্থ ৩নং স্মারকে জরুরি গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, বরিশাল বিভাগে জরুরি গমের চাহিদা মিটানোর লক্ষ্যে মোংলা বন্দরে আগত M.V RHL MARTA জাহাজ হতে ৪নং ও ৭নং ঘাটের মাধ্যমে খুলনা সিএসডিতে জারীকৃত ৩৮০০ মে.টন গম হতে ১৮০০ মে.টন গম নিয়ন্ত্রণভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নৌপথে গমের চলাচল সূচিঃ


ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	মাধ্যম	মন্তব্য
১.	মোংলা বন্দর (M.V. RHL MARTA জাহাজ)	ঝালকাঠি	ঝালকাঠি গ্রেড-১	এলএসডি	১২০০	বস্তাবন্দী গম	নৌ	চসনি, খুলনা উপ- সূচি জারি করবেন।
২.	ঐ	বরগুনা	বরগুনা সদর	”	৬০০	ঐ	ঐ	ঐ
				মোট=	১৮০০			

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলিঃ

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোর্কাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উভ্যে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং তারিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;

- ৬। ভি-ইনভয়েসে গমে গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরণ কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১০। সূচির মেয়াদ আগামী ৩০/০৬/২০১৯ খ্রিৎ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যেতে পারে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



১৪-৬-২০১৯

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫১৪২৮

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য)


খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৩৫৪/১(১২)

তারিখ: ৯ আষাঢ় ১৪২৬  
২৩ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা।
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি।
- ১১) ব্যবস্থাপক, খুলনা সিএসডি, খুলনা।
- ১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি।



১৪-৬-২০১৯

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক